মানহানির অভিযোগে নাসীরুদ্দীন পাটওয়ারীকে আইনি নোটিশ



নাসিরুদ্দিন পাটোয়ারী। ছবি: সংগৃহীত

পানিসম্পদমন্ত্রী ও বিএনপির যুগ্ম মহাসচিব শহীদউদ্দীন চৌধুরী এ্যানিকে নিয়ে দেওয়া বক্তব্যের জেরে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) সিনিয়র যুগ্ম আহ্বায়ক নাসীরুদ্দীন পাটওয়ারীকে আইনি নোটিশ পাঠানো হয়েছে। বক্তব্যটিকে মিথ্যা ও মানহানিকর উল্লেখ করে ১৫ দিনের মধ্যে তা প্রত্যাহার এবং প্রকাশ্যে নিঃশর্ত ক্ষমা চাওয়ার দাবি জানানো হয়েছে।

মঙ্গলবার (৩ নভেম্বর) জেলা স্বেচ্ছাসেবক দলের সহদপ্তর সম্পাদক ও পৌর স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক অ্যাডভোকেট মাহমুদুর রহমান মিশনের পক্ষে নোটিশটি পাঠান সুপ্রিম কোর্টের আইনজীবী মো. ইয়াছিন আরাফাত (সম্রাট)।

নোটিশে বলা হয়, সম্প্রতি ঢাকার একটি জনসভায় শহীদউদ্দীন চৌধুরী এ্যানিকে নিয়ে আপত্তিকর ও ভিত্তিহীন মন্তব্য করেন নাসীরুদ্দীন পাটওয়ারী। গত ৩০ অক্টোবর তাঁর ওই বক্তব্য চ্যানেল ২৪সহ বিভিন্ন গণমাধ্যম ও সামাজিক যোগাযোগমাধ্যমে প্রচারিত হয়।

নোটিশদাতার দাবি, বক্তব্যটি মনগড়া ও রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত। এতে মন্ত্রীর ব্যক্তিগত মর্যাদা ও সামাজিক সুনাম ক্ষুণ্ন হয়েছে। এ ধরনের মন্তব্য দণ্ডবিধির ১৮৬০ সালের ৪৯৯ ও ৫০০ ধারায় মানহানির অপরাধ হিসেবে গণ্য হতে পারে বলেও নোটিশে উল্লেখ করা হয়েছে।

নির্ধারিত ১৫ দিনের মধ্যে বক্তব্য প্রত্যাহার ও নিঃশর্ত ক্ষমা না চাইলে প্রচলিত আইন অনুযায়ী আদালতে মামলা করার কথা জানানো হয়েছে নোটিশে।